


বিষয়: সদাবিক-এর কার্যক্রম গতিশীলকরণার্থে অনুশাসন।

সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক) পল্লী অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে বিআরডিবি'র অন্যতম গুরুত্বপূর্ণ কর্মসূচি। ২০০৩-২০০৪ অর্থবছর হতে অদ্যাবধি দীর্ঘ দুই দশকে কর্মসূচিটি দেশের ৬৪ জেলার ৪৪৯ উপজেলায় পিছিয়ে পড়া গ্রামীণ নারী-পুরুষের দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, সাম্প্রতিককালে বিভিন্ন উপজেলায় সদাবিকের ঋণ কার্যক্রম আশানুরূপভাবে বাস্তবায়িত হচ্ছে না। কিছু উপজেলায় খেলাপি ঋণের পরিমাণ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়ের হারও সন্তোষজনক নয়।

এ অবস্থায় সদাবিকের কার্যক্রম গতিশীলকরণ, ঋণ খেলাপি রোধ এবং মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিম্নরূপ অনুশাসনমালা প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) সদাবিকের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে উপজেলাভিত্তিক সমস্যাটি চিহ্নিত করে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সদরদপ্তরকে অবহিত করতে হবে;
- (খ) মাঠ সহকারীদের কার্যক্রম মূল্যায়ন করে যথাযথ পুরস্কার অথবা শাস্তির ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে জেলার অভ্যন্তরে বদলির উদ্যোগ নিতে হবে;
- (গ) দীর্ঘদিনের আত্মসাৎ রিকভারি করার স্বার্থে দায়ী মাঠ সহকারীদের বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- (ঘ) কাজে অনিয়মিত ও অমনোযোগী মাঠ সহকারীদের মধ্যে যাদের ঋণ বিতরণ ও আদায় অসন্তোষজনক, তাদেরকে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক চাকরি থেকে অব্যাহতি প্রদানের উদ্যোগ নিতে হবে।
- (ঙ) উপজেলায় সদাবিকের মাঠ সহকারী কর্মরত না থাকলে নিয়োগের যথাযথ উদ্যোগ নিতে হবে; সাময়িকভাবে কাজ চালিয়ে নেয়ার স্বার্থে উপজেলাস্থ অন্য কর্মসূচির মাঠকর্মী/পরিদর্শকের নিকট সদাবিকের দায়িত্ব অর্পণের ব্যবস্থা নিতে হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ অনুশাসনমালা যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। ব্যর্থতায় দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।



আঃ গাফ্ফার খান
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫১২.১৮.০৭৪.১২-২৫০২

তারিখ: ১৩ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংশ্লিষ্ট নথি।



মোহাম্মদ হাবিবুল্লাহ
উপপরিচালক (সম্প্রসারণ)